

FHV পরিদর্শনের নির্দেশনা

পরিদর্শনের চেকলিস্ট, TLC এর
প্রয়োজনীয় আইটেম:

পরিদর্শনের চেকলিস্ট, DMV এর
প্রয়োজনীয় আইটেম (যদি আপনার গাড়ি
500 মাইলের বেশি চালনা করা হয়):

আরও বেশি
তথ্যের জন্য দেখুন:
[www.nyc.gov/
tlcinspections](http://www.nyc.gov/tlcinspections)

ভাড়ার গাড়ির জন্য পরিদর্শন গাইড

আমাকে কী আনতে হবে?
আমি না আনলে কী হবে?
পরিদর্শন চেকলিস্ট

NYC Taxi & Limousine Commission
Safety & Emissions Division
24-55 BQE West
Woodside, NY 11337

NYC[®]
Taxi & Limousine
Commission

ভাড়ার গাড়ি পরিদর্শনের নির্দেশনা

সাধারণ তথ্য

1. TLC Safety & Emissions Division
নিচের
ঠিকানাঃ

অবস্থিত:

24-55 BQE West
Woodside, NY 11377

2. নতুন FHV লাইসেন্সের জন্য আবেদন করেছেন? TLC আপনার ভাড়ার গাড়ির জন্য আবেদন (অনলাইন বা কাগজে) অনুমোদন করবে, আপনার TLC পরিদর্শনের তারিখ ও সময়সহ TLC আপনাকে অ্যাপয়েন্টমেন্টের চিঠি ইমেইল করে পাঠাবে। TLC পরিদর্শনে আপনার গাড়ি উত্তীর্ণ না হওয়া পর্যন্ত আপনার গাড়ির লাইসেন্স বৈধ হবে না।
3. আপনার বর্তমান FHV লাইসেন্সের গাড়ি পরিবর্তন করছেন?
4. TLC গাড়ি পরিদর্শনে উত্তীর্ণ হতে আপনি চারবার চেষ্টা করতে পারবেন। যদি আপনার গাড়ি প্রথম পরিদর্শনে অনুত্তীর্ণ হয়, তবে গাড়ি পরিদর্শনে উত্তীর্ণ হতে প্রথম পরিদর্শনের তারিখ থেকে **60 দিনের** মধ্যে আপনি আরো অতিরিক্ত তিনবার চেষ্টা করতে পারবেন।

পরিদর্শনের জন্য আমাকে কী নিয়ে আসতে হবে?

নিচের সবগুলিই আপনাকে পরিদর্শনের সময় আনতে হবে। আপনি যদি এইসব জিনিসগুলি না আনেন তাহলে গাড়ি বের করে দেওয়া হবে।

1. গাড়ির রেজিস্ট্রেশন।
2. একটি বৈধ TLC ড্রাইভার লাইসেন্স বা স্টেটের ড্রাইভার লাইসেন্স।

নির্ধারিত পরিদর্শনের সময়ে আমি আসতে না পারলে কী হবে?

পূর্বে নির্ধারিত পরিদর্শনের সময়ের এক ঘণ্টার মধ্যে আপনি না আসলে, আপনাকে আবার নতুন অ্যাপয়েন্টমেন্টের জন্য আবেদন করতে হবে। আপনার মিস হওয়া অ্যাপয়েন্টমেন্ট উত্তীর্ণ হওয়ার সময় প্রথম প্রচেষ্টা বলে বিবেচনা করা হবে এবং আপনার আর কেবল তিনটি প্রচেষ্টা বাকি থাকবে।

পরিদর্শনের DMV অংশে আমার গাড়ি অনুত্তীর্ণ হলে কি হবে?

যদি আপনার গাড়ি পরিদর্শনে অনুত্তীর্ণ হয়, তবে আপনাকে প্রদত্ত গাড়ি পরিদর্শনের রিপোর্টে TLC পরিদর্শক দ্বারা শনাক্তকৃত DMV ক্রটিসমূহ তালিকাভুক্ত থাকবে।

আপনাকে ক্রটি(সমূহ) সংশোধন করতে হবে এবং পরিদর্শনের রিপোর্টে তালিকাভুক্ত TLC পরিদর্শনের কেন্দ্র খোলা থাকার সময় ফিরে যেতে হবে। পুনরায় পরিদর্শনের জন্য আপনার কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই।

পরিদর্শনের TLC অংশে আমার গাড়ি অনুত্তীর্ণ হলে কি হবে?

যদি আপনার গাড়ি পরিদর্শনের DMV অংশে উত্তীর্ণ হয় কিন্তু TLC অংশে অনুত্তীর্ণ হয়, তবে আপনার জন্য একটি লঙ্ঘনের নোটিশ জারি করা হবে। এই লঙ্ঘনের নোটিশে TLC পরিদর্শক দ্বারা শনাক্তকৃত TLC ক্রটিসমূহ তালিকাভুক্ত থাকবে।

আপনাকে ক্রটি(সমূহ) সংশোধন করতে হবে এবং একটি TLC সমন জারি এড়াতে **লঙ্ঘনের নোটিশে উল্লিখিত সম্মতি তারিখের পূর্বে** পরিদর্শনের রিপোর্টে তালিকাভুক্ত TLC পরিদর্শনের কেন্দ্র খোলা থাকার সময় ফিরে যেতে হবে। পুনরায় পরিদর্শনের জন্য আপনার কোনো অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই।